EMBASSY OF THE UNITED STATES OF AMERICA
PUBLIC AFFAIRS SECTION
TEL: 880-2-55662000
FAX: 880-2-9881677, 9885688
E-MAIL: DhakaPA@state.gov
WEBSITE: http://dhaka.usembassy.gov

PRESS RELEASE

পবিত্র ঈদুল আযহা উপলক্ষে প্রেসিডেন্ট বারাক ওবামা ও পররাষ্ট্রমন্ত্রী জন কেরি'র শুভেচ্ছা

ঢাকা, ১১ই সেপ্টেম্বর, ২০১৬-

প্রেসিডেন্ট বারাক ওবামা'র শুভেচ্ছা বার্তা

ঈদুল আযহা উপলক্ষে আমি এবং মিশেল সারা বিশ্বের মুসলিমদের ঈদের শুভেচ্ছা জানাই এবং সেই সাথে হজ্বযাত্রীদের অভিনন্দন জানাই যারা তাদের বিশ্বাসের অন্যতম ভিত্তি লালন করতে হজ্ব পালন করেছেন।

হজ্ব বিভিন্ন দেশ ও সংস্কৃতির লাখো মানুষের প্রার্থনা, প্রতিফলন এবং গভীর অনুরাগ প্রকাশের মাধ্যম ।

উৎসবের পাশাপাশি ঈদুল আযহা এমন এক দাতব্য সংস্কার, যখন মুসলিমরা তাদের নিজেদের সেবামূলক কর্তব্য পালন করেন ইব্রাহিম (আঃ) এর নিজের ছেলেকে কোরবানি দেয়ার ইচ্ছার মধ্য দিয়ে যে ত্যাগ স্বীকার করেছিলেন তার প্রতি গভীর সম্মান প্রদর্শন করে। আমি অনুপ্রাণিত হই এবং বিনয়ী বোধ করি আমেরিকাসহ সারা বিশ্বের লাখো মুসলিমদের প্রতি যারা এই মুহূর্তটিতে কম সৌভাগ্যবানদের প্রতি মানবিকতার হাত বাড়িয়ে দেয় ।

যখন লাখ লাখ মানুষ নতুন ঘর-বাড়ি আর আত্মীয়দের খুঁজে পাওয়ার সংগ্রাম করে চলেছে যা তারা হারিয়েছে যুদ্ধ-বিগ্রহ আর প্রাকৃতিক বিপর্যয়ে ক্ষতিগ্রস্ত হবার কারণে, এই অবস্থায় আমরা বারবার আমাদের নৈতিকতার কাছে দায়বদ্ধ হই তাদের এই ক্ষতিপূরণের জন্য। সেবা, ত্যাগ এবং শান্তি প্রতিষ্ঠা নির্ভর করে সকল বিশ্বাসের পারস্পরিক মূল্যবোধ ভাগ করে নেয়ার মধ্য দিয়ে ।

আমেরিকার জনগণের পক্ষ থেকে আমরা সারা বিশ্বের মুসলিম সমাজকে জানাই শান্তিপূর্ণ ও আনন্দঘন ঈদের শুভেচ্ছা ।

সবাইকে ঈদ মোবারক !

EMBASSY OF THE UNITED STATES OF AMERICA
PUBLIC AFFAIRS SECTION
TEL: 880-2-55662000
FAX: 880-2-9881677, 9885688
E-MAIL: DhakaPA@state.gov
WEBSITE: http://dhaka.usembassy.gov

PRESS RELEASE

পররাষ্ট্রমন্ত্রী জন কেরি'র শুভেচ্ছা বার্তা

পবিত্র হজ্ব পালন শেষে, আমি সারা বিশ্বের মুসলিম সম্প্রদায়কে ঈদুল আযহার শুভেচ্ছা জানাই।

আমি অভিনন্দন জানাই হাজারো আমেরিকানসহ প্রায় ত্রিশ লাখ হজ্বযাত্রীদের যারা এই বছর হজ্ব পালন করেছেন এবং তারা যাতে নিরাপদে বাড়ি ফিরতে পারেন সেই কামনা করি । হজ্ব হল এমন একটা সময় যখন বিভিন্ন দেশ, শ্রেণী এবং সংস্কৃতির মুসলিমরা একত্রিত হয়ে প্রার্থনা করেন, যা প্রকৃতপক্ষে মুসলিম সম্প্রদায়ের মধ্যে একতা ও বৈচিত্র্যকে মনে করিয়ে দেয় ।

ঈদুল আযহা হল একটি বিশেষ মুহূর্ত যা সকল বিশ্বাসের মধ্যে সেবা, নিঃস্বার্থপরায়ণতা এবং দাতব্য সেবার মূল্যবোধ সৃষ্টি করে । এই সকল মূল্যবোধ চর্চা আর এর প্রতিফলনের চেয়ে গুরুত্বপূর্ণ আর কিছু হতে পারে না ।

আমেরিকার সরকারের পক্ষ থেকে আমি সকল মুসলিমদের একটি সুন্দর ও আনন্দপূর্ণভাবে ঈদুল আযহা উৎযাপনের জন্য আশাবাদ ব্যক্ত করছি ।

ঈদ মোবারক!

==========